

স্যানিটাইজারে সাড়া

১৮ মাসজারে স্যানিটাইজারের আকাল দেখা দেওয়ার পরে এ বার সেটি তৈরিতে এগিয়ে এল যাদবপুর বিশ্ববিদ্যালয়, বেথুন কলেজ, সোভি ব্রেবোর্নও। যাদবপুরের সহ-উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্য শুক্রবার জানান, ভেষজ স্যানিটাইজার তৈরি করছেন বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি বিভাগের গবেষকেরা। ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র সংসদের (ফেটসু) পক্ষ থেকেও স্যানিটাইজার তৈরি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের চার নম্বর গেটের কাছে আজ, শনিবার থেকে তা বিক্রি করা হবে। তবে লাভ না-রেখে। যাঁদের কেনার সঙ্গতি নেই, তাঁদের বিনামূল্যে দেওয়া হবে। বেথুন কলেজের অধ্যক্ষ কুম্ভা রায় জানিয়েছেন, রসায়ন বিভাগের শিক্ষিকা অমিতা করের নেতৃত্বে শিক্ষাকর্মীরা তৈরি করেছেন স্যানিটাইজার। সোভি ব্রেবোর্ন কলেজের মহিলাকোষায়োলজি বিভাগও তৈরি করতে এই জীবাণুনাশক। স্যানিটাইজার তৈরিতে উদ্যোগী হয়েছে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদও।